ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভলাপমেন্ট

গ্রামঃ বটতলী, ডাকঘরঃ ফতেয়াবাদ, থানাঃ হাটহাজারী, জেলাঃ চট্টগ্রাম।

রেজিস্ট্রার অফিস ও প্রশাসন শাখার চিঠি প্রাপ্তি
পত্র নং ৭০৪
তারিখ ১৪/৩/২৪
গ্রহণকারীর স্বাক্ষর: [signature]

সূত্র ঃ ইচৌমোমফা/শিক্ষা বৃত্তি-২০২৪-২০২৫/২০২৪ (৭)

তারিখ ঃ ১০/০৩/২০২৪ইং

প্রাপক,

রেজিস্ট্রার

রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি।

শিক্ষাবৃত্তি - ২০২৪-২০২৫

মহোদয়/মহোদয়া,

আপনারা অবগত আছেন যে, **"ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলাপমেন্ট"** একটি মানব সম্পদ উন্নয়ন সেবামূলক প্রতিষ্ঠান। এটি বিগত ২২ শে জানুয়ারী, ২০০৭ ইং সালে নিবন্ধিত হয়েছে এবং সমস্ত প্রারম্ভিক কার্যক্রম সম্পন্ন করে ২৪ শে মার্চ, ২০০৭ ইং থেকে যাত্রা শুরু করেছে। প্রতিবছর সরকার অথবা সরকারি প্রতিষ্ঠান কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রকৌশল, চিকিৎসা, স্থাপত্য, ব্যবস্থপনা, অর্থনীতি, আইন, সাহিত্য, পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, সমাজবিজ্ঞান ও তথ্য প্রযুক্তিসহ বিভিন্ন বিষয়ে অধ্যয়নরত **চট্টগ্রাম জেলার অর্ন্তগত শুধুমাত্র হাটহাজারী উপজেলার স্থায়ী অধিবাসীদের** মধ্যে মেধাবী ছাত্র/ছাত্রী যারা আর্থিক সীমাবদ্ধতার কারণে শিক্ষা কার্যক্রম চালিয়ে যেতে অসমর্থ এবং যাদের আর্থিক সাহায্যের প্রয়োজন আছে এমন শিক্ষার্থীদের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন পর্যন্ত মাসিক শিক্ষাবৃত্তি এবং বার্ষিক এককালীন অনুদান কার্যকর করে। বার্ষিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বৃত্তির ধারাবাহিকতা অক্ষুন্ন রাখা হয়। পাশাপাশি অতিরিক্ত সাহায্য হিসাবে নতুন শিক্ষা বছরের শুরুতে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি ও শিক্ষা উপকরণ সংগ্রহ ইত্যাদি খরচ নির্বাহে এককালীন একটি আলাদা অনুদান প্রদান করা হয়। বিগত বছর সমূহে এই প্রতিষ্ঠান প্রায় ৩৮১ জন ছাত্র/ছাত্রীকে শিক্ষা বৃত্তি প্রদান করেছে। এরই ধারাবাহিকতায়, বাংলাদেশ সরকার অথবা সরকারি প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত এবং পরিচালিত পাবলিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্নাতক সম্মান (অনার্স) এবং স্নাতকোত্তর (মাস্টার্স) পর্যায়ে অধ্যয়নরত শুধুমাত্র চট্টগ্রামের হাটহাজারী উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে ৩১শে মে, ২০২৪ ইং এর মধ্যে ২০২৪-২০২৫ ইং শিক্ষাবর্ষের জন্য ফাউন্ডেশনের অফিসে প্রাপ্ত নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় তথ্যাদিসহ শিক্ষাবৃত্তির জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

এ সংক্রান্ত একটি নোটিশ আপনাদের প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে ও প্রতি বিভাগের নোটিশ বোর্ডে প্রতিস্থাপনের মাধ্যমে প্রচারের জন্য এবং সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের অবগতির জন্য এই পত্রের সঙ্গে প্রেরণ করা হল। এ ব্যাপারে আপনার/ আপনাদের আন্তরিক সহযোগীতা বিশেষ ভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,

M. A. Rahim

(এম.এ.রহিম)

প্রতিষ্টাতা ট্রাষ্টি এবং ট্রাষ্টি বোর্ডের সচিব,

ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন।

রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	
পরিচালক	
পরীক্ষা নিয়ন্ত্রক	
উপ- রেজিস্ট্রার	
উপ-পরিচালক/গ্রন্থাগারিক	
সিনিয়র মেডিকেল অফিসার	
সহকারী রেজিস্ট্রার/পরিচালক ✓ প্রশাসনিক	
সহকারী প্রকৌশলী	
প্রকিউরমেন্ট অফিসার	
উপ-সহকারী প্রকৌশলী	

Please circulate.

14.3.2024

ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভলাপমেন্ট

গ্রামঃ বটতলী, ডাকঘরঃ ফতেয়াবাদ, থানাঃ হাটহাজারী, জেলাঃ চট্টগ্রাম।

সূত্র ঃ ইচৌমোমফা/শিক্ষাবৃত্তি-২০২৪-২০২৫/২০২৪ (৯০) তারিখ ঃ ১০/০৩/২০২৪

বিজ্ঞপ্তি

শিক্ষাবৃত্তি- ২০২৪-২০২৫

"ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলাপমেন্ট" একটি মানব সম্পদ উন্নয়ন সেবামূলক প্রতিষ্ঠান। এটি বিগত ২২ শে জানুয়ারী, ২০০৭ ইং সালে নিবন্ধিত হয়েছে এবং প্রারম্ভিক কার্যক্রম সম্পন্ন করে ২৪ শে মার্চ, ২০০৭ ইং থেকে যাত্রা শুরু করেছে। প্রতি বছরের ন্যায়, এ বছরও ফাউন্ডেশন, সরকার ও সরকারী প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত এবং পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নের জন্য চট্টগ্রাম জেলার শুধুমাত্র হাটহাজারী উপজেলার স্থায়ী বাসিন্দা ও মেধাবী অথচ আর্থিক সাহায্যের প্রয়োজন রয়েছে, এমন ছাত্র-ছাত্রীদেরকে মাসিক শিক্ষাবৃত্তি এবং শিক্ষা বছরের শুরুতে ভর্তি ও শিক্ষা উপকরণ সংগ্রহের জন্য এককালীন আর্থিক সহায়তা প্রদান করবে। এরই ধারাবাহিকতায়, বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত এবং স্বীকৃত পাবলিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধীনে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত (তৃতীয় শ্রেণী প্রাপ্ত শিক্ষার্থী ব্যতীত) চট্টগ্রাম জেলার শুধুমাত্র হাটহাজারী উপজেলার স্থায়ী বাসিন্দাদের থেকে ফাউন্ডেশন এর অফিসে প্রাপ্ত নির্ধারিত ছকে/ফরমে ২০২৪-২০২৫ ইং শিক্ষাবর্ষের জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে। এই শিক্ষাবৃত্তি এক বছরের জন্য প্রাথমিকভাবে বলবৎ থাকবে, যা পরবর্তীতে প্রতি বছর পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নবায়ন করা হবে শিক্ষাকাল বলবৎ থাকা পর্যন্ত।উল্লেখ্য যে, সাধারণত পহেলা জুলাই থেকে পরবর্তী বছরের ৩০ শে জুন পর্যন্ত শিক্ষাবৃত্তির বার্ষিক মেয়াদ নির্ধারিত আছে।

এই বিজ্ঞপ্তিটি সরকার কর্তৃক প্রতিষ্ঠিত সকল কলেজ, বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তি অনুসারে আবেদন করার জন্য শিক্ষার্থীরা অত্র অফিস থেকে প্রাপ্ত ফরম পূরণের মাধ্যমে সরাসরি অফিসে এসে আবেদন করতে পারবে। আবেদনপত্র সমূহ যাচাই-বাচাই পূর্বক, আবেদনকারীদের মৌখিক পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে। মৌখিক পরীক্ষার সম্ভাব্য তারিখ আগামী ২০জুন, ২০২৪ ।

আবেদনপত্র পাঠানোর শেষ তারিখ ও সময় : ৩১শে মে ২০২৪, বিকাল ৫ ঘটিকা পর্যন্ত।

প্রয়োজনীয় কাগজপত্রাদিঃ

ক) দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

খ) স্থায়ী ঠিকানার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র।

গ) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক (সম্মান) পরীক্ষা সমূহের মূল মার্কসীট এর সত্যায়িত ফটোকপি।

ঘ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (যদি থাকে)।

ঙ) আবেদনকারীর সঙ্গে সম্পর্ক উল্লেখ পূর্বক তৃতীয় একজন ব্যাক্তির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর।

চ) স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ভর্তির রশিদ ও শিক্ষার্থীর পরিচয় পত্রের (প্রতিষ্ঠান কৃর্তক প্রাপ্ত) সত্যায়িত ফটোকপি।